

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা বন কর্মকর্তার কার্যালয়
ফুলপুর, ময়মনসিংহ।

স্মারকনং- উঃবঃকঃ/ফুলঃ/ময়মনঃ

তারিখঃ ০৫/০৫/২০২২ খ্রিঃ।

উপজেলা পরিষদের বন ও পরিবেশ কমিটির সভার নোটিশ

আগামি ১৯/০৫/২০২২খ্রিঃ রোজ-বৃহস্পতিবারবিকাল ০৪.০০ ঘটিকায় ফুলপুর উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে উপজেলা পরিষদের বন ও পরিবেশ কমিটির সভা জনাব মোছাঃ রোকেয়া পারভীন লাকী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচীঃ

- ১। বিভাগীয় আলোচনা।
- ২। বিবিধ।



(মোঃ ফিরুজ আল আমিন)
উপজেলা বন কর্মকর্তা
ফুলপুর, ময়মনসিংহ।

স্মারকনং- উঃবঃকঃ/ফুলঃ/ময়মনঃ

তারিখঃ ০৫/০৫/২০২২ খ্রিঃ।

অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ।
- ২। উপজেলা..... অফিসার, ফুলপুর, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান..... ইউ,পি, ফুলপুর, ময়মনসিংহ।
- ৪। অফিস কপি।

উপজেলা বন ও পরিবেশ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোছাঃ রোকেয়া পারভীন লাকী, উপজেলা পরিষদ, মহিলা ভাইস চেয়ারম্যান, ফুলপুর, ময়মনসিংহ।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ ও সময় : ১৯/০৫/২০২২ খ্রিঃ তারিখ, বিকাল ০৪.০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক”।

সভার প্রারম্ভে সভাপতির আসন গ্রহণে সভার কার্যক্রমক শুরু করা হয়। ফুলপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও সভাপতি সভায় উপস্থিত সদস্যদের ষাগত জানান। সভাপতি সভার আলোচ্য সূচী মোতাবেক সভা পরিচালনা করার জন্য রেঞ্জ অফিসার, বন বিভাগ, ফুলপুর, ময়মনসিংহ কে অনুরোধ করেন।

উপজেলা রেঞ্জ অফিসার, ফুলপুর, ময়মনসিংহ সভায় উপস্থিত সকলকে ষাগত জানিয়ে আলোচ্য সূচী মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন। যেহেতু উক্ত সভা বন ও পরিবেশ কমিটির প্রথম সভা সেহেতু সকল সদস্যদের একে অপরের সহিত পরিচয় হওয়ার জন্য আহ্বান করেন।

আলোচ্য সূচী মোতাবেক নিম্নে বর্ণিত বিষয়ের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|------|-------------|---|--|---------------|
| ০১ | | চেয়ারম্যান, ০২ নং রামভদ্রপুর ইউপি চেয়ারম্যান, ০২ নং রামভদ্রপুর ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের সকল মাদ্রাসা ও মাধ্যমিক বিদ্যালয়গুলোর প্রত্যেকটি খেলার মাঠে বৃক্ষরোপন করার পরামর্শ দেন। | বৃক্ষরোপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | | চেয়ারম্যান, ০৪ নং সিংহেশ্বর ইউপি চেয়ারম্যান, ০৪ নং সিংহেশ্বর ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের সকল মাদ্রাসা ও মাধ্যমিক বিদ্যালয়গুলোতে বৃক্ষরোপন করার জন্য প্রয়োজনীয় বৃক্ষ বনবিভাগ হইতে সরবরাহ করার জন্য অনুরোধ করেন। | বৃক্ষ সরবরাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৩ | | চেয়ারম্যান, ৮ নং রূপসী ইউপি চেয়ারম্যান, ৮ নং রূপসী ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের সকল রাস্তার পাশে বৃক্ষ রোপন করা প্রয়োজন। | | |
| ০৪ | | উপজেলা সহকারী বন সংরক্ষক উপজেলা সহকারী বন সংরক্ষক জানান যে, পরিবেশের ভারসাম্য রক্ষার্থে বনায়নের ভূমিকা অপরিসীম এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | | |

সভাপতির বক্তব্য

জনাব, মোছাঃ রোকেয়া পারভীন লাকী, মহিলা ভাইস চেয়ারম্যান, ফুলপুর, ময়মনসিংহ সভায় জানান যে, ফুলপুর উপজেলার বৃক্ষরোপণের বরাদ্দ হইতে ফুলপুর এর সকল শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপণ করা হবে, তিনি আরও বলেন যে বৃক্ষরোপণের মাধ্যমে আমাদের পরিবেশের ভারসাম্য রক্ষা করতে হবে। তাই সামাজিক বনায়ন ও বৃক্ষরোপণ করার ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Driz

(মোছাঃ রোকেয়া পারভীন লাকী)

মহিলা ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ

ফুলপুর, ময়মনসিংহ।

তারিখঃ ১৯/০৫/২০২২ খ্রি.

স্মারক নংঃ- উঃবঃকঃ/ফুলঃ/ময়মনঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে :

- ১। উপ-পরিচালক স্থানীয় সরকার, ফুলপুর, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ফুলপুর, ময়মনসিংহ।
- ৪। চেয়ারম্যান..... ইউ,পি, ফুলপুর, ময়মনসিংহ।
- ৫। অফিস কপি।

সহকারী বন সংরক্ষক

বন বিভাগ

ফুলপুর, ময়মনসিংহ।